17

ভোরের কাগজ

তারিখ ... 06 AUG 1998 ...
পৃষ্ঠা ৪২ কলাম ... ৩ ...

এসএসসি '৯৮ ❑ ফলাফল বিশ্লেষণ

# রাজশাহীর নামকরা প্রতিষ্ঠানকে পিছনে ফেলে উঠে এসেছে রংপুর-বগুড়ার স্কুলগুলো

আনু মোস্তফা, রাজশাহী থেকে : সদ্য প্রকাশিত এসএসসির ফলাফলে রাজশাহী বোর্ডে এবারো রাজশাহী মহানগরীর নামকরা স্কুলগুলো বড়ো সাফল্য দেখাতে পারেনি। অন্যদিকে রংপুর, বগুড়া এবং পাবনার স্কুলগুলোয় পড়ালেখার মান বেড়েছে, সার্বিক ফলাফলেও নতুন মাত্রা যোগ হয়েছে। সামগ্রিক বিচারে রাজশাহী মহানগরীর শিক্ষার মান যে পড়তির দিকে তা গত কয়েক বছরের ফলাফল বিশ্লেষণ করলেই বোঝা যায়।

এ বছর এসএসসি পরীক্ষায় রাজশাহী গভঃ ল্যাবরেটরি হাইস্কুলের শিক্ষার্থীরা প্রথম দুটি স্থানসহ মেধা তালিকায় চারটি স্থান লাভ করেছে। ১৯৯৭ সালে ল্যাবরেটরি স্কুল নবম স্থানসহ দুটি, ১৯৯৬ সালে পঞ্চম স্থানসহ তিনটি এবং ১৯৯৫ সালে দ্বিতীয় স্থানসহ নয়টি স্থান দখল করেছিল। ঐতিহ্যবাহী এই স্কুলটি ১৯৭০ সালে প্রতিষ্ঠা লাভের পর এই প্রথম শীর্ষ দুটি স্থান দখল করলো। স্কুলটি তাদের সাফল্যের ধারাবাহিকতা রক্ষার চেষ্টা অব্যাহত রেখেছে বলা যায়।

রাজশাহী মহানগরীর শতবর্ষের ঐতিহ্যবাহী শিক্ষাপ্রতিষ্ঠান কলেজিয়েট বা জেলা স্কুলের ফলাফল এ বছরও হতাশাজনক। এ বছর মেধা তালিকায় এই স্কুলের ছাত্র হাসান মোস্তফা বিজ্ঞান বিভাগে যৌথভাবে সপ্তম স্থান দখল করেছে। ১৯৯৭ সালে এই স্কুল থেকে মেধা তালিকায় কেউ কোনো স্থানই পায়নি। ১৯৯৬ সালে কলেজিয়েট স্কুল সাধারণ বিজ্ঞান বিভাগে অষ্টম এবং সমাজ বিজ্ঞানে একই স্থান দখল করে। ১৯৯৫ সালে এই স্কুল মেধা তালিকায় শেষের একটি স্থান লাভ করে।

রাজশাহী বোর্ডে প্রতিবছরই মোটামুটি ভালো ফলাফল করে আসছে যে প্রতিষ্ঠানটি, সেই রাজশাহী ক্যাডেট কলেজের সাফল্য এবার হতাশাজনক। এ বছর রাজশাহী ক্যাডেট কলেজের শিক্ষার্থীরা মেধা তালিকায় সপ্তম স্থান ছাড়াও যৌথভাবে দশম, দ্বাদশ ও সপ্তদশ স্থান লাভ করেছে। ১৯৯৭ সালে এই কলেজ সমাজ বিজ্ঞান বিভাগে দ্বাদশ ও সপ্তদশ স্থান পেয়েছিল। ১৯৯৬ সালে বিজ্ঞান বিভাগে তৃতীয়, সপ্তম, পঞ্চদশ, সপ্তদশ ও বিংশ স্থান এবং সমাজ বিজ্ঞানে পঞ্চম ও দশম স্থান লাভ করে। একইভাবে বরাবর ভালো ফলাফলের অধিকারী রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুল, পিএন সরকারি ও হেলেনাবাদ সরকারি বালিকা বিদ্যালয় মেধা তালিকায় শেষের একটি করে স্থান পেয়েছে। নগরীর সিরোইল সরকারি হাইস্কুল এ বছর বিজ্ঞানে পঞ্চম স্থান লাভ করেছে।

এ বছর রাজশাহী বোর্ডে সর্বাধিক সাফল্য অর্জন করেছে রংপুরের স্কুলগুলো। এই জেলার স্কুলগুলো মেধা তালিকায় ২২টি স্থান দখল করে নিয়েছে। বাণিজ্য বিভাগের ফলাফলে বগুড়া জেলার স্কুলগুলো পেয়েছে একচেটিয়া সাফল্য। এক্ষেত্রে রাজশাহী পেয়েছে ২০তম স্থানটি।

রাজশাহী মহানগরীর স্কুলগুলোর এই ব্যর্থতায় অভিভাবকরা ক্ষুব্ধ হয়েছেন। বিশেষ করে কলেজিয়েট স্কুলের ব্যর্থতা নিয়ে আলোচনা হচ্ছে সর্বত্র।